



বাংলাদেশ কনস্যুলেট জেনারেল
টরন্টো, কানাডা



প্রেস বিজ্ঞপ্তি

১৪ ডিসেম্বর ২০২৩

বাংলাদেশ কনস্যুলেট জেনারেল টরন্টোতে যথাযোগ্য মর্যাদায় আজ 'শহিদ বুদ্ধিজীবী দিবস' পালন করা হয়। এ উপলক্ষে বাংলাদেশ কনস্যুলেট প্রাঙ্গনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠান সূচিতে ছিল মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর বাণী পাঠ, শহিদ বুদ্ধিজীবীসহ সকল শহিদ বীর মুক্তিযোদ্ধাদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে এক মিনিট নীরবতা পালন, বক্তব্য উপস্থাপন এবং বিশেষ মোনাজাত। আলোচনা অনুষ্ঠানে বক্তাগণ শহিদ বুদ্ধিজীবীদের গভীর শ্রদ্ধাভরে স্মরণ করেন।

কনসাল জেনারেল জনাব মোঃ লুৎফর রহমান তাঁর বক্তব্যের শুরুতে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতার স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে বলেন, পাকিস্তানি হানাদার বাহিনী ১৯৭১ সালে ২৫ মার্চ কালরাতে নিরীহ ও নিরস্ত্র বাঙালির ওপর হত্যায়ত্ত শুরু করলে ২৬ মার্চের প্রথম প্রহরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন। জাতির পিতার আহবানে সাড়া দিয়ে মুক্তিকামী বীর বাঙালিরা মুক্তিযুদ্ধে বাঁপিয়ে পড়ে। বাঙালি জাতির বিজয়ের প্রাক্কালে পাকিস্তানি হানাদার বাহিনী তাদের নিশ্চিত পরাজয় জানতে পেরে জাতিকে মেধাশূন্য করার হীন উদ্দেশ্যে ঢাকাসহ সারা দেশে নারকীয় হত্যায়ত্ত চালায়। কিন্তু বীর বাঙালি জাতি বিজয় ছিনিয়ে এনেছে এবং অদম্য গতিতে এগিয়ে চলছে দেশ। শহিদ বুদ্ধিজীবী দিবসের ত্যাগ ও মহান মুক্তিযুদ্ধের চেতনায় উদবুদ্ধ হয়ে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়তে নিজ নিজ ভূমিকা রাখতে সকলের প্রতি আহবান জানান।

সবশেষে ১৯৭১ সালের ১৪ ডিসেম্বরে নিহত শহিদ বুদ্ধিজীবীসহ সকল শহিদ বীর মুক্তিযোদ্ধার বিদেহী আত্মার শান্তি কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।



